তারেক জিয়ার কথায় নাচানাচি করে বিপদে পড়বেন না

মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, তারেক জিয়ার কথায় নাচানাচি করে কেউ বিশৃংখলা করে বিপদে পড়বেন না। আপনি বিপদে পড়লে কেউ আপনার পাশে দাড়াবেনা। বিদেশের মাটিতে এসি উপজেলা আওয়ামী লীগ তার দাঁত ভাঙ্গা জবাব দেবে। লাঠির মাথায় পতাকা বেঁধে মিছিল করে বির্শংখলা করেছেন বলে মনে কইরেন না আপনাদের চালাকি কেউ বুঝবে না। আমরা রাজনীতি করি তাই আপনাদের চালাকি ধরে ফেলেছি।

সারাদেশে বিএনপি জামাতের নৈরাজ্য সন্ত্রাস,ভাংচুর ও অগ্নী সন্ত্রাসের বিরুদ্ধে গতকাল রবিবার (১১ সেপ্টেম্বর) বিকালে গাংনী উপজেলা আওয়ামী লীগ আয়োজিত বিশাল বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

এমপি খোকন বলেন, বিএনপির ৪৪ তম প্রতিষ্ঠা বার্ষিকীর নামের দোয়া মাহফিল নেই, কেক কাটা নেই দলীয় শৃংখলা নেই এসব চালাকি ভুলে যান। কয়েকজন অল্প বয়সী যুবক নিয়ে নাচানাচি করে যেতে পেরেছেন বলে আওয়ামীলীগকে দুর্বল ভাববেননা। আওয়ামীলীগ একটি সৃশৃংখল রাজনৈতিক দল। সারাদেশ যখন উন্নয়নের রোল মডেল হিসেবে উন্নতি করছে ঠিক তখন বিএনপি জামাতের সন্ত্রাসী বাহিনী আন্দোলনের নামে দেশে নৈরাজ্য সৃষ্টি করার পায়তারা করছে।

তিনি বলেন, আওয়ামী লীগ দৃর্বল নয় ।স্বাধীনতা যুদ্ধে বিরোধীতা করে যখন টিকতে পারেননি, এখনও ষড়যন্ত্র করে টিকতে পারবেননা। আগামীতে ক্ষমতায় এসে গাংনীর মাটিতে দাঁড়িয়ে আওয়ামীলীগকে দেখে নিতে সেই সকল সন্ত্রাসীদের চিহ্ণিত করুন এবং তাদের মাজা ভেঙ্গে দিন।

প্রশাসনসের উদ্দেশ্যে এমপি সাহিদুজ্জামান খোকন বলেন, কোন আওয়ামী লীগের নেতাকর্মী যদি বিএনপি জামাতদের ওপর হামলা করে তাহরে চুপ থাকবেন। কোন আইনী ব্যবস্থা নিবেন না। কোনভাবেই বিএনপি জামাতদের মাথাচাড়া দিয়ে উঠতে দেয়া যাবেনা। বাংলাদেশ আওয়ামী লীগ সাধারণ মানুষের দল,কৃষকের খেটে খাওয়া মানুষের ও শ্রমিক মজুরের দল। এই দল ক্ষমাতায় থাকলে রাতের ঘুম ভাঙ্গে না, রাস্তা ঘাটে মা